

স্মার্ট পটিয়া বেস্ট আইডিয়া এওয়ার্ড

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে ঘোষণা করেছিলেন রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ। এ লক্ষ্য অর্জিত হবার পর আমাদের পরবর্তী গন্তব্য রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ, যা অর্জনের মাধ্যমে আমরা জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী ও অন্তর্ভুক্তিমূলক উচ্চ আয়ের দেশে পরিণত হব।

এ লক্ষ্যে উপজেলা প্রশাসন, পটিয়া, চট্টগ্রাম এর উদ্যোগে “স্মার্ট পটিয়া বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এ প্রতিযোগিতার মাধ্যমে পটিয়া উপজেলা হতে স্মার্ট পটিয়া বিনির্মাণের উদ্দেশ্যে প্রস্তাব/আইডিয়া সংগ্রহ করা হবে। পটিয়া উপজেলার যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রস্তাবটি অবশ্যই যুগপোযোগী ও বাস্তবায়নযোগ্য এবং ব্যয়সীমা বাস্তবসম্মত হতে হবে। আইডিয়া/প্রকল্প প্রস্তাব ১৫ এপ্রিল, ২০২৩ এর মধ্যে নিম্নোক্ত গুগল ফর্মে প্রেরণ করতে হবেঃ

<https://forms.gle/95LAteRiFbb18TbNA>

প্রথম পুরস্কারঃ ৫০ হাজার টাকা

দ্বিতীয় পুরস্কারঃ ৩০ হাজার টাকা

তৃতীয় পুরস্কারঃ ২০ হাজার টাকা

উক্ত প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী ব্যক্তি/দল প্রদেয় আইডিয়া নিয়ে “স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্য হবেন। “স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতার প্রথম পুরস্কার ৫ লক্ষ টাকা, দ্বিতীয় পুরস্কার ৩ লক্ষ টাকা এবং তৃতীয় পুরস্কার ২ লক্ষ টাকা।

উক্ত প্রতিযোগিতার প্রকল্পের জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ নিয়ে কাজ করতে হবেঃ

স্মার্ট সিটি/ স্মার্ট ভিলেজ/ স্মার্ট শিক্ষা/ স্মার্ট স্বাস্থ্যসেবা/ স্মার্ট সামাজিক সুরক্ষা/ স্মার্ট কৃষি/ স্মার্ট ম্যানুফেকচারিং/
স্মার্ট সেবা খাত/ স্মার্ট প্রশাসন/ স্মার্ট ইউটিলিটি

বিস্তারিত তথ্যের জন্য <http://patiya.chittagong.gov.bd/> ওয়েবসাইটে “স্মার্ট পটিয়া” মেনু দেখুন।